

- ১৫ -

অভিযোগপ্রতিকারব্যবস্থায়গৃহীতআবেদনসংক্রান্তপ্রতিবেদন  
মাসেরনাম: জুলাই/২০১৯

জুলাই/২০১৯ মাসে প্রাপ্ত আবেদনের সংখ্যা : ০৩টি

মোট অনিষ্পন্ন আবেদনের সংখ্যা (বর্তমানমাসসহ) : ০টি


জুলাই/২০১৯ মাসে নিষ্পন্ন আবেদনের সংখ্যা : ০৩টি

অভিযোগপ্রতিকারব্যবস্থায়নিষ্পন্নআবেদনসংক্রান্তপ্রতিবেদন

ক্রমিক নং	আবেদনকারীর নাম ও ঠিকানা	আবেদনের তারিখ	আবেদনের বিষয় ও বিস্তারিত বিবরণ	আবেদনকারীকে নিষ্পত্তি সংক্রান্ত জবাব / মন্তব্য
০১.	MD.HASAN AL MAMUN গ্রাম: বাঘুটিয়া বেপারী পাড়া, পোস্ট অফিস: চর বাঘুটিয়া, থানা: দৌলতপুর, জেলা: মানিকগঞ্জ	০১.০৭.২০১৯	ঢাকা -আরিচা মহাসড়কের মানিকগঞ্জ অংশের মানিকগঞ্জের পশ্চিমে তরা ব্রিজের উত্তর পাশ থেকে সারা বছর বালি উত তরা ব্রিজের নিচ থেকে সারা বছর বালি উত্তলন করার ফলে তরা ব্রিজটি দিন দিন কুকের মধ্যে পরে যাচ্ছে। এ বিষয়ে মানিকগঞ্জে ডিসিকে জানানো হলেও কোনো রকম প্রতিকার আসেনি। উক্ত ব্রিজের অনেকটাই কাছ থেকে এই বালি উত্তলন করা হচ্ছে। এই বিষয়টি আমি ডিসি এবং এসপি উভয়কে জানালে তারা বললেন যে, আপনি লিখিত আকারে অভিযোগ করলে ব্যবস্থা নিব। তখান আমি বললাম স্যার আমি যদি লিখিত আকারে জানাই তাহলে তো আমার নিরাপত্তা হমকির মধ্যে পড়বে , কারণ হলো তারা রাজনৈতিক আশ্রয়-প্রশ্রয়ে এ কাজ করছে। পরে যখন আমি এসপি স্যারকে বললাম যে, স্যার এই ব্রিজ যদি ভেঙে পরে তখন আপনাদের ঘুম ঠিকি ভাঙবে। কারণ দক্ষিণ পশ্চিম অঞ্চলের সাথে ঢাকার যোগাযোগ ধ্বংস হয়ে যাবে। এখন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের একান্ত দয়া প্রার্থনা করছি করছি যেন আমাদের সেতুটি রক্ষা পায়। প্লিজ এই কাজটি করুন।	বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ১.৫ কিমি বা তদুর্ধ্ব দৈর্ঘ্যের সেতু নির্মাণ এবং নির্মিত সেতুর রক্ষণাবেক্ষণ করে থাকে। বর্তমানে বঙ্গবন্ধু সেতু, টাংগাইল/ সিরাজগঞ্জ এবং ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (মুক্তারপুর সেতু), মুন্সীগঞ্জ এর রক্ষণাবেক্ষন করছে। আপনার অভিযোগে উল্লিখিত সেতুটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাভুক্ত নয়। সুতরাং এ সেতুর তত্ত্বাবধানকারী প্রতিষ্ঠান RHD/LGED এর মাধ্যমে সংশ্লিষ্ট DC বরাবর অভিযোগ করুন। অথবা <a href="http://www.grs.gov.bd/">http://www.grs.gov.bd/</a> এই লিঙ্ক এ আপনার অভিযোগ দাখিল করুন। আশা করি আপনার অভিযোগ এর প্রতিকার পাবেন। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার জন্য ধন্যবাদ।
০২.	Md. Tariqul Islam Vill: TLUCK SHABAJ, POST: KAUNIA, THANA: KAUNIA, DISTRIC: RANGPUR	১৬/০৭/২০১৯	বিকাশে টাকা পাঠিয়েছি কিন্তু ট্রানজিকশন আইডি পাই নি অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আবেদন করছি এডমিট তুলতে পারছি না	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আবেদনের শেষ তারিখ ছিল ০৭/০৭/২০১৯ তারিখ। আপনি অভিযোগ করেছেন ১৬/০৭/২০১৯ তারিখে। আপনার এ ধরনের সমস্যা আবেদনকারী সময়ে করা গেলে এ সম্পর্কিত সাহায্য পাওয়া সম্ভব ছিল। ভবিষ্যতে এ ধরনের আবেদন নিয়োগ আবেদনের শেষ তারিখের পূর্বে করার জন্য অনুরোধ করা হলো।

OK

ক্রমিক নং	আবেদনকারীর নাম ও ঠিকানা	আবেদনের তারিখ	আবেদনের বিষয় ও বিস্তারিত বিবরণ	আবেদনকারীকে নিষ্পত্তি সংক্রান্ত জবাব/মন্তব্য
০৩.	KAZI MD SOLAIMAN  TELEGRAM, CHEORA, CHOUDDAGRAM, CUMILLA	১৬/০৭/২০১৯	অনলাইনে আবেদনের সিস্টেমটি আরো প্রসারিত করা প্রসঙ্গে। আমি গত কয়েক দিন আগে অফিস কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকে আবেদন করেছি। আমার ফোনে সাথে সাথে একটি এসএমএম দেয়, সেখানে দেখা যায় ইউজার আইডি এবং পাসওয়ার্ড দেয়। ইউজার আইডিতে পেমেন্ট করেছি কিন্তু দুঃখের বিষয় আমার অনলাইন পেজটা ক্রুটির কারণে চলে যায়। পরবর্তীতে আমার আর ইউজার এবং পাসওয়ার্ড দিয়ে কাজ হয়নি। আমার প্রশ্ন হচ্ছে এখানে যদি আমার পেজ টা আমি ওপেন ই না করতে পারি তাহলে আমার ট্রানজেকশন আইডি কিভাবে আমি দিব?? আমি দেখিছি বিভিন্ন চাকুরী পেজে এমন ভুল অনেক জনের হয়েছে সবার তো আর ঢাকার মত ব্রডব্যান্ড নাই। আমি মনে করি কর্তৃপক্ষ ইউজার আইডিতে যে পেমেন্ট গুলা হইছে এগুলো এডমিট কার্ড অপশন চালু করলে ভালো হয় বা ডেশবোর্ড টা উন্মুক্ত করে দিলে ভাল হত। কাজী মোঃ সোলায়মান বনরুপা, রাঙ্গামাটি।	আপনার অসুবিধার জন্য দুঃখ প্রকাশ করছি এবং আনন্দের সাথে জানাচ্ছি যে, আমরা ই-রিক্রুটমেন্ট সিস্টেমে বিকাশের সর্বশেষ ওয়ালেট সিস্টেম যুক্ত করার প্রচেষ্টা চালাচ্ছি। আশা করি এটা করার পর ফি পরিশোধ আরও আরামদায়ক হবে।

  
০৫/০৮/১৭  
মোঃ মহিউদ্দিন  
সহকারী প্রোগ্রামার  
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ